# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৬১৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) ক্বিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

### الترغيب في قيام الليل

আরবী

(صحيح) وَعَنْ المغيرة بن شعبة رَضِيَ اللَّهُ عَنْهُ قال قام النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَوَرَّمَتْ قَدَمَاهُ فَقِيلَ لَهُ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ قَالَ أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا. رواه البخاري ومسلم والنسائي

বাংলা

৬১৯. (সহীহ্) মুগীরা বিন শো'বা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এত অধিক নামায আদায় করতেন যে, দাঁড়িয়ে থাকতে থাকতে তাঁর পদযুগল ফুলে যেত। তাঁকে বলা হলঃ আল্লাহ্ তো আপনার পূর্বের ও পরের সমস্ত গুনাহ মাফ করে দিয়েছেন?

তিনি বললেনঃ ”আমি কি একজন শোকর গুজার বান্দা হব না!?”

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ১১৩, মুসলিম ২৮১৯, তিরমিযী ৪১২, নাসাঈ ৩/২১৯) বুখারীর আরেক বর্ণনায় এসেছেঃ

إن كَانَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيَقُومَ أَوْ لِيُصَلِّيَ حَتَّى تَرِمُ قَدَمَاهُ أَوْ سَاقَاهُ فَيُقَالُ لَهُ فَيَقُولُ أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا

’নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) রাতে দাঁড়িয়ে নামায আদায় করতেন এমনকি তাঁর পদযুগল বা দু’পায়ের নলা ফুলে যেতো। তাঁকে সে সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলতেনঃ

”আমি কি একজন কৃতজ্ঞ পরায়ন বান্দা হব না!?”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88490

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন